

যুগান্তর

১৩/০৫/২০০৩

তারিখ :
পৃষ্ঠা : ৩ ... কলাম : ৩.....

হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের রাজনীতি নিষিদ্ধ : সংঘর্ষ, অস্ত্রের মহড়া

আহসানুল আলম সাধী, দিনাজপুর থেকে

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের রাজনীতি নিষিদ্ধ ও হল দখলের ঘটনাকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে ছাত্রলীগের ১৫ জন নেতাকর্মী মারাত্মকভাবে আহত হয়েছে। এদের মধ্যে চারজনকে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্যাম্পাসে ছাত্রদলের বহিরাগত অস্ত্রধারী

কর্মীদের মহড়া দেখে দেড় শতাধিক সাধারণ ছাত্রছাত্রী আতঙ্কে হল ছেড়ে চলে গেছে। ছাত্রলীগের নেতাকর্মীরা প্রাণ ভয়ে ক্যাম্পাস ছেড়ে পালিয়ে গেছে।

গত বৃহস্পতিবার মধ্যরাত ও শুক্রবার সকালে ছাত্রদলের নেতাকর্মীরা তালিকা করে ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর হামলা ও নির্যাতন শুরু করে। ছাত্রদলের সশস্ত্র ক্যাডার রুবেল, ফারুক ও আনোয়ার শহীদ নূর হোসেন হলের ১১১ নম্বর রুমে মধ্যরাতে হামলা চালিয়ে ছাত্রলীগের লুৎফর, লিটন ও প্রিন্সকে মারাত্মকভাবে আহত করে। তারপর ২০৮, ৩১৩, ৩১২ ও ৩০৭ নম্বর কক্ষে ব্যাপক ভাঙুর চালায়। এরপর ছাত্রদলের অপর একটি গ্রুপ ছাত্রলীগের বেলায়েত, হারুন, নবাব ও তারাকে দা দিয়ে কুপিয়ে জখম করে এবং বেলায়েত ও নবাবের হাত ভেঙে দেয়। সন্ত্রাসীদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ছাত্রলীগের হারুন তৃতীয় তলা থেকে লাফিয়ে পড়ে। এতে তার দুই পা ভেঙে যায়। শহীদ মোহন হলে ছাত্রদলের সদস্যরা দানেশ : পৃষ্ঠা : ১৩ কলাম : ৫

দানেশ : বিশ্ববিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর)

১৮টি রুমে হামলা চালিয়ে ব্যাপক ভাঙুর করে। তারপর শহীদ জিহাদ হলে ছাত্রলীগের সাধারণ সম্পাদককে না পেয়ে ৫টি রুম ভাঙুর ও লুটপাট করে। এ সময় সাধারণ ছাত্রছাত্রীদের কাছ থেকেও নগদ অর্থ, রেডিও, ঘড়ি, টেপেরেকর্ডার, ক্যামেরা ইত্যাদি জিনিসপত্র চাঁদা হিসাবে নিয়ে নেয়। যেসব কক্ষে ছাত্রদলের ক্যাডাররা হামলা চালায় তার প্রতিটি কক্ষের বিছানা, বালিশ, আসবাবপত্র রুম থেকে বের করে এনে জালিয়ে দেয়া হয়। বর্তমানে লুৎফর, বেলায়েত, নবাব ও সোয়েব হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এরা চারজনই কৃষি অনুষ্ঠানের তৃতীয় বর্ষের ছাত্র বলে জানা যায়। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।